



জনগণের আস্থার প্রতীক হতে চায় র‍্যাভ: ডিজি



র‍্যাভ মহাপরিচালক আহসান হাবীব পলাশ। ছবি: সংগৃহীত

র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়নকে (র‍্যাভ) আরও মর্যাদাপূর্ণ ও পেশাদার বাহিনী হিসেবে গড়ে তোলার প্রত্যয় জানিয়েছেন সংস্থাটির মহাপরিচালক মো. আহসান হাবীব পলাশ। তিনি বলেন, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে র‍্যাভকে সম্মানজনক অবস্থানে নিতে কাজ করা হবে।

তিনি জানান, সশস্ত্র বাহিনী, পুলিশ, বিজিবি, কোস্ট গার্ড ও আনসারের সমন্বয়ে গঠিত এ বাহিনী দীর্ঘদিন ধরে মাদক, অস্ত্র, অপহরণ, ছিনতাইসহ বিভিন্ন অপরাধ দমনে কাজ করে আসছে। আধুনিক প্রযুক্তিনির্ভর কার্যক্রমের মাধ্যমে যেকোনো পরিস্থিতি মোকাবিলায় র‍্যাভ প্রস্তুত বলেও উল্লেখ করেন তিনি।

র‍্যাভ ডিজি বলেন, অতীতে কিছু কর্মকাণ্ডের কারণে বাহিনীটি বিতর্কের মুখে পড়েছিল, যা অনাকাঙ্ক্ষিত। ভবিষ্যতে আইনানুগ ও পেশাদার আচরণের মাধ্যমে জনগণের আস্থা আরও শক্তিশালী করতে চায় র‍্যাভ।

তিনি আরও বলেন, র‍্যাভকে সব ধরনের কাজে যুক্ত না করে বিশেষ অভিযানে মনোযোগী রাখা গেলে বাহিনীটি আরও কার্যকরভাবে দায়িত্ব পালন করতে পারবে।